REGISTERED NO 77. Registered No 77. REGISTERED NO 77

অমৃতবাজারপত্রিকা

মূল্যঃ—অগ্রিম বার্ষিক ৮৷৷০, ডাক মাসুল ১৷৷০, ষাণ্মাসিক ৪৸০, ডাক মাশুল ৸০, ত্রৈমাসিক ৩; ডাক মাশুল ৷৵০ আনা। অনগ্রিম বার্ষিক ১০৷৷০, ডাকশুল ১৷৷০ টাকা। প্রতি খণ্ড ৷৵০ আনা।

বিজ্ঞাপন প্রকাশের মূল্যঃ—প্রতি পংক্তি, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বার ৵০, চতুর্থ ও ততোধিকবার ৶০ আনা। ইংরেজী প্রতি পংক্তি ।০ আনা

১১শ ভাগ। { কলিকাতাঃ—২রা চৈত্র—বৃহস্পতিবার, সন ১২৮৪ সাল। ইং ১৪ই মার্চ্চ। ১৮৭৮ খৃঃ অব্দ। } ৫ সংখ্যা।

অমৃতরস ॥

সর্ব্বহিতৈষী পরম কারুণিক এক সন্ন্যাসী হইতে প্রাপ্ত

মহৌষধ।

ইহা কেবল কতকগুলি দেশী ও কতক গুলিন পার্ব্বতজাত বনৌষধি সংযোগে রস প্রস্তুত হইয়া এমন অসাধারণ বহুবিধ রোগনাশক শক্তি ধারণ করিয়াছে, যে অমৃত রস উপাধিতে প্রতিষ্ঠিত হইয়া বাস্তবিক তদ্রূপ কার্য্য করিতে সমর্থ। কি মহতী আশ্চর্য্য বৃক্ষ, লতা, বল্লী প্রভৃতি বনস্পতিতে বিশ্ব-স্রষ্টা যে কি চমৎকার গুণ প্রদান করিয়াছেন তাহার নিগুঢ় মর্ম্ম লোকে সবিশেষ বিদিত থাকিলে ব্যাধি-মন্দির মানব দেহকে নানা প্রকার রোগের যন্ত্রণা দীর্ঘ কাল সহ্য করিতে হইত না, এবং অকালে কালের বশ হইতেও হইত না।

অপরঞ্চ অমৃত রস কি চমৎকার ঔষধ। ইহা সেবনে অনেক অনেক দুঃসাধ্য, কষ্টসাধ্য ও অসাধ্য রোগ ও শান্তি হইতে দেখা গিয়াছে। এমন কি ক্ষয়, যক্ষ্মা, শূল ও বহুবিধ শীরপীড়া, হৃদ্রোগ, শ্বাসকাশ, হৃদকম্প, অম্লপিত্ত অম্ল-শূল, পুরাতন জ্বর, প্রমেহ, মহামারিজ্বর, উপদংশ পারদ ঘটীত দোষ, মূত্রকৃচ্ছ্র, বহুমূত্র, রক্তবিকার, প্লীহা, পাণ্ডু যকৃৎ ও গ্রহণী প্রভৃতি সকল প্রকার রোগ প্রতিকারে ইহা উৎকৃষ্ট। স্ত্রীলোকদিগের কতকগুলিন বিশেষ রোগ আছে, এই ঔষধ তাহার শীঘ্র প্রতিকারক। সূতিকা, প্রদর, মূর্চ্ছা, ভৌতিক রোগ, স্বপ্নে ভয়দর্শন, প্রভৃতি রোগে স্বচ্ছন্দ বিধেয়। মহাপুরুষের এমনও আজ্ঞা আছে যে যথানিয়মে ঔষধ সেবন করিলে মৃতবৎসা দোষও থাকিবে না। পরন্তু এমত নির্দ্দোষ ঔষধ যে দুগ্ধপোষ্য শিশুরও সেব্য এবং পরমোপকারী।

উদাসীনের দত্ত আমার এই মহৌষধ ইংরাজি১৮৬৮ সাল হইতে প্রচার হইয়াছে। আমার প্রকাশের পরে যে কতই ইহার নকল হইল তাহার ইয়ত্তা নাই।

প্রত্যেক শিশির অগ্রিম মুল্য ৫৷৷০ টাকা। ডাকমাশুল আন্দাজ ১ টাকা। ব্যারিং বা পেড একই মাশুল।

ওলাউঠার অত্যাশ্চর্য্য অমোঘ বটিকা।

সকল প্রকার ঔষধ অপেক্ষা এই ঔষধের চমৎকার গুণ প্রকাশ হইয়াছে, ইহা দ্বারা অতি অল্প সময়ের মধ্যে রোগ নিবারণ হয়। অধিকাংশ লোক ৫।৬ ঘন্টার মধ্যে আরোগ্য হইয়াছেন। শতকরা ৯০ জন রোগীর অধিক আরোগ্য হইয়াছে। ইহা তালিকা এবং সাহেব লোকের পত্র দ্বারা প্রমাণ পাওয়া গিয়াছে।

এই ঔষধের ৫০ পঞ্চাশ বটিকার মুল্য ডাকমাশুল বাদে অন্যূন ৫ টাকা মাত্র, ইহা দ্বারা ২৩ জন রোগী আরোগ্য হইতে পরে।

যে সমস্ত আরোগ্য সমাচার সর্ব্বদাই আসিয়া থাকে তাহা একত্রে প্রকাশ করিতে গেলে কেবল বাহুল্য মাত্র। এজন্য তাহার মধ্যে আবশ্যকীয় কয়েক খানি নম্নে প্রকাশ করা যাইতেছে।

শ্রীহেমচন্দ্র বন্দোপাধ্যায়।
মিশির পোখরা, বেনারস।

মহাশয়ের ২ শিশি অমৃতরস সেবন করিয়া রোগীর দ্বৌকালিন জ্বর, প্লীহা ও কাশী প্রভৃতি কঠিন কঠিন রোগ সম্পূর্ণ আরোগ্য হইয়াছে। মহাশয়ের অমৃতরসের গুণ দেখিয়া চমৎকৃত হইলাম কারণ উক্ত রোগীকে ডাক্তার প্রভৃতি সকলে এক প্রকার জবাব দিয়াছিলেন, কিন্তু আপনার অমৃতরস এক শিশি সেবন করাইতেই প্রায় আরোগ্য লাভ করে। দ্বিতীয় শিশি সেবন করিয়া সম্পূর্ণ আরোগ্য ও সবল হইয়াছে।

শ্রীরামনারায়ণ সাহা এবং কোং,
নিউ মেডিকেল হল ভাগলপুর।

আমি ৪ শিশি অমৃতরস আনিয়াছিলাম তাহার মধ্যে এক শিশি শ্রীমতি মাতুলানীকে সেবন করানতে তাঁহার মূর্চ্ছা, গাত্র দাহ, শরীর দুর্ব্বলতা ও নানা প্রকার রোগ আরোগ্য হইয়াছে পুনরায় আর এক শিশি সেবন করিতে আরম্ভ করিয়াছেন। মহাশয়! আপনার এই অমৃতরস নামক মহৌষধের গুণ এক মুখে ব্যক্ত করিতে অক্ষম।

দানাপুর স্কুলের দ্বিতীয় শিক্ষক শ্রীযুক্ত বাবু নন্দলাল গুপ্ত মহাশর তাঁহার মাতুলের কারণ এক শিশি অমৃতরস আনাইয়া সেবন করানতে তাঁহার মাতুল মহাশয় বিশেষ আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীঅমৃত লাল ঘোষ,
দানাপুর।

আমি ক্রমে অমৃতরস ৩ শিশি আনাইয়া একজন কুষ্ঠরোগগ্রস্ত রোগীকে ব্যবহার কারানতে উক্ত রোগীর অনেক উপকার হইয়াছে।

শ্রীচন্দ্র কুমার চক্রবর্ত্তী,
শ্বেতমন্দার, আসাম।

আমি বিগত বর্ষে ক্রমাগত ৪ ব্যক্তির জন্য অর্শ রোগের এবং একটী সম্ভ্রান্ত স্ত্রীলোকের কারণ অমৃতরস আনাইয়াছিলাম তাঁহারা ঔষধ সেবনে আশ্চর্য্য রূপে আরোগ্য হইয়াছেন। স্ত্রীলোকটীর পূর্ব্ব ৬ টী সন্তান হইয়া ৩ টী দুই এক মাস বর্ত্তমান থাকিয়া, অপর একটীর জন্ম মাত্র মৃত্যু হইয়াছিল। অমৃতরস সেবনের পরই তাঁহার গর্ভে একটী কন্যা সন্তান জন্মিয়া এপর্য্যন্ত বর্ত্তমান আছে সে ৮ মাসের হইয়াছে তাহাকে ভাল দেখা যায় অমৃতরস যে চমৎকার ঔষধ তাহা জ্ঞান করা হইয়াছে।

শ্রীনন্দ কিশোর দত্ত, নাজীর,
নওগাঁ, আসাম।

আমার একজন বন্ধু অনেক দিন হইতে ভগন্দর ও পুরাতন জ্বরে কষ্ট পাইতে ছিলেন। তিনি উত্তমোত্তম বৈদ্য ও ডাক্তার দ্বারা চিকিৎসা করাইয়া ছিলেন কিন্তু তাহাতে রোগের কিছুমাত্র উপশম না হওয়ায় তিনি জীবন আশা পরিত্যাগ করিয়া ঔষধ সেবনে একে বারে বিরত হইয়াছিলেন। আপনার অমৃতরস সেবন করাতে উত্তম রূপ আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীনিশি চন্দ্র বিশ্বাস
ভবানীপুর, কলিকাতা।

আমার পত্নীর সুতিকার পীড়ার জন্য যে অমৃতর প্রেরণ করিয়া ছিলেন তাহাতে বিশেষ উপকার হই য়াছে।

শ্রীরাজ কুমার ঘোষাল
সীমলা কলিকাতা।

অতি আহ্লাদের সহিত জানাইতেছি যে আমা একটী বন্ধু পত্নীর রক্ত প্রদর পীড়া হইয়া অতিশয় কষ্ট ভোগ করিতেছিলেন এমন কি সময়েসময়ে এরূপ অজস্র শোণিত নির্গত হইত যে তাহা দেখিয়া হতজ্ঞান হইতে হইত। এই অবস্থাতে ডাক্তার ও বৈদ্য চিকিৎসা করা ইতে ত্রুটী করা যায় নাই। অবশেষে মহাশয়ের জগৎ বিখ্যাত অমৃতরস মহৌষধী ২ শিশি আনাইয়া কিছু দি ব্যবহার করায় নিশ্চয় সম্পূর্ণ আরোগ্য হইয়াছে মহাশয়ের মহৌষধের অপরিসীম গুণ দেখিয়া আমর বন্ধু ও এখানকার সকলে চমৎকৃত হইয়াছে। আমর মুক্ত কণ্ঠে জগদীশ্বরের নিকট প্রার্থনা করিতেছি যে মহাশয় দীর্ঘজীবি হইয়া এইরূপ শুভ কর্ম্মে নিয়ত ব্রত থাকুন।

শ্রীরাখাল দাস চক্রবর্ত্তী
হিতসাধনী সভার সম্পাদক নানদান জেলা বর্দ্ধমান

আপনার অমৃতরস এক শিশি আমার জননী ঠাকুরাণীকে সেবন করানতে তিনি আক্রান্ত পিত্তশূ হইতে মুক্ত হইয়াছেন। তাহাতেই আপনার অমৃতরসে অত্যাশ্চার্য্য গুণ পরীক্ষিত হইয়াছে।

শ্রীমহিমচন্দ্র ভট্টাচার্য্য ডেঃ পোঃ মাঃ
গঙ্গারামপুর, জেলা দিনাজপুর।

আমি জ্বর ও কাশীর ব্যারামে যৎপরোনাস্তি কষ্ট পাই তেছিলাম অনেক ডাক্তার হাকিমওবৈদ্য দ্বারা নান প্রকার চিকিৎসা করাইয়া কিছুতেই অরোগ্য না হওয়া অবশেষে মহাশয়ের জগদ্বিখ্যাত অমৃতরস এক শিশি আনাইয়া সেবন করাতে চমৎকার আরোগ্য হইয়াছি।

শ্রীকাঙ্গালী নাজীর
পীলে গ্রাম, জেলা হুগলী।

আপনার মহৌষধি অমৃতরস দুই শিশি আনাইয় আমার সন্তানকে সেবন করানতে প্লীহা ও জ্বর এ কালীন নিবারণ হইয়াছে। ধন্য আপনার অমৃতরস।

শ্রীমধুসূদন রায় চৌধুরী
জমীদার কুণ্ডী, জেলা রঙ্গপুর।

আমার পিতাঠাকুর অতীব কষ্টদায়ক ও প্রা নাশক গ্রহিণীরোগে আক্রান্ত হওয়ায় দেশীয় চিকিৎ সকদিগের দ্বারা স্বর্ণপর্পটী, পক্‌কান্ন ও গগণসুন্দ প্রভৃতি কয়েক প্রকার ঔষধ এবং গ্রহিণী মিহির তৈ প্রস্তুত করাইয়া সেবন ও মর্দ্দন করণান্তর রোগের হ্রাস না হইয়া বরং বৃদ্ধি প্রাপ্ত হইতে লাগিল। সর্ব শেষে আপনার অমৃতরস ৩ শিশি আনাইয়া সেব করাইয়াছিলাম তাহাতে তিনি উত্তম রূপ আরোগ্য লা করিয়াছেন।

শ্রীঈশানচন্দ্র মুখোপাধ্যায়
বাঁশড়িহা জেলা বালেশ্বর।

মহাশয়ের নিকট হইতে এক শিশি অমৃতরস আন ইয়া তাহাতে বিশেষ উপকৃত হইয়াছি। উক্তঔষধ এক সুতিকা পীড়ায় ব্যবহার করা হয় তাহাতে রোগী উ রূপ আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীহরিদয়াল চৌধুরী
উকড় সাহা জেলা বর্দ্ধমান।

মহাশয়ের মহৌষধি অত্র স্থানে যিনি সেবন করিয়াছেন সকলেই সুন্দররূপ আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীলোকনাথ দাস বসু
কটক।

আমার কনিষ্ঠ ভ্রাতার পুরাতন জ্বর, প্লীহা, অরুচি উদরাময় ও মুখে ঘা হইয়া অধিককাল কষ্ট ভোগ করিতেছিল এবং উত্তমোত্তম বৈদ্য ও ডাক্তার দেখান হইয়াছিল কিন্তু কিছুতেই উপশম হয় নাই। অবশেষে মহাশয়ের অমৃতরস আনাইয়া সেবন করাইয়াছিলাম তাহাতে আরোগ্য লাভ করিয়া সুন্দর ও সুশ্রী হইয়াছে।

শ্রীরাখাল দাস চক্রবর্ত্তী
হিতসাধনী সভার সম্পাদক।

আপনার অমৃতরসের কি অনির্ব্বচনীয় গুণ। ইতি পূর্ব্বে ঈদৃশ মহোপকারী ঔষধের আবিষ্কার দেখা যায় নাই। আমি যে এক শিশি অমৃতরস আনয়ন করিয়াছিলাম তাহা সেবনে আরোগ্য লাভ করিয়াছি। ভরসা করি যাহারা নানাবিধ রোগে যন্ত্রণা ভোগ করিতেছেন তাঁহারা উল্লিখিত ঔষধ সেবনে কদাচ বিরত না হন।

শ্রীপ্রতাপ চন্দ্র দাস
কাশিম বাজার বহরমপুর।

আমার পিতাঠাকুর মহাশয় বাত ব্যাধি, বাকরোধ হইয়া শয্যাগত, অচল ও অবশাঙ্গ ছিলেন, আপনার অমৃতরস এক শিশি ব্যবহার দ্বারা উপকার দর্শিবে বিবেচনা হইয়াছে।

শ্রীনবীনচন্দ্র ভট্টাচার্য্য
রামগঞ্জ নওয়াখালি

ওলাউঠার বটীকা।

আপনার নিকট হইতে যে ১০ টাকার ওলাউঠার ঔষধ আনাইয়াছিলাম তাহা নিঃশেষিত হইয়াছে এবং সেই সমুদয় টীকারই ফল পাইয়াছি অর্থাৎ সমুদয় রোগীই আরাম হইয়াছে।

শ্রীরমণী কান্ত রায়
দামড়া মাণিকগঞ্জ।

আপনার নিকট হইতে আমি কলেরার পিল আনাইয়া প্রায় ৯০টি জন রোগী আরোগ্য করিয়াছি।

কুমার শ্রীকৃষ্ণ গোপাল আধুর্য্য
মলিয়াতা রাজবাটী দুর্গাপুর।

CHOLERA PILL.

I have very great pleasure in informing you that your cholera pills have been a great boon to those infected with cholera. I tried them in 50 cases in all of which they were successful except in 5 or 6 cases.

C. W. Richardson
Chairman Satara Municipality.

I am requested by the Moharaja of Burdwan to inform you that during the recent outbreak of cholera in this place, your pills were tried in several cases, which occurred among the servants of His Highness and were found to be efficacious.

T. B. Miller
Private Secretary.

I am happy in being able to testify to the general efficacy of your cholera pills, they having proved superior to all allopathic medicines in cholera cases.

Haran Chandra Chatterji
Hd. Master Nowgong school
Nowgong, Assam.

I am exceedingly glad in informing you that your cholera pills were administered in 10 cases with successful results.

D. S. Gholker
S. N. G. Library, Kothapore
Southern Maratha country.

I have much pleasure to inform you that during the present outbreak of cholera here have been able to cure several cases without any failure by the use of the said pills,

Tarinee Prosad
Pleader,
Judge's Court, Bhagulpore

I am much indebted to you for your cholera pills. I have administered them in upwards of 3 cases in which I found it to be most efficacious and I confidently say that they the best remedy for the epidemic. In fact they have [illegible] to be a talisman. Amongst the cases in [illegible] your pills only one proved fata.

probably on account of the advanced state of the disease.

Anna Gopal, Tanna.

AMRITARASSA.

Amritarassa has really a wonderful efficacy over Hysteria. Since the administration of the Amrita my wife had had no fit,

Suresh Chander Ghose
Asst. Surgeon, Rurkee,

My sister who was suffering from chronic Dyspepsia and Dysentry for a long time, has greatly benefited by the use of one phial of your valuable Amritarassa.

Jogendra Chander Bose
Pleader, Ludhiana,

The phial of your Amritarassa that you sent me has perfectly cured me of Dyspepsia and Diarrhœa I gave a little of it to a Mr Burnham of our office for his old fever and ague; and he having recovered, desires me to write for one phial more.

Gopal Chander Gangooly
Foreign department
Simla Hill

NEW AMALGAMATED SOCIETY OF RAILWAY SERVANTS IN INDIA.

REGISTERED UNDER ACT XXI OF 1860

HEAD OFFICE ALLAHABAD.

The above Society has been established for the purpose of carrying out the following objects.

The improvement of the general condition of Railway servants in India. To afford assistance to its members when thrown out of employment. To provide legal support for its members and also render them assistance in cases of sickness. It likewise affords a superannuation allowance to old, or disabled members, and will promote such undertakings as will conduce to the improvement of the Railway service generally. In addition to the above the relatives of a deceased member, not in arrear with his subscriptions at the time of his death, are entitled to the sum of Rs. 250, Rs. 150, or Rs 75 according to the class of subscribers the deceased member may have belonged to. There is also a Death Benefit Fund attached to the Society and on the death of any member belonging to the Fund his nominee will receive one quarter the amount there is in the Fund.

Any Railway employee, *whatever his caste, creed, or nationality*, is eligible for membership in the Society, providing he is a *sober, steady, industrious* man who *understands* his work, and can *read*, and *write*. The following are the fees payable by members.

	On joining, including 1st month's Subscription and cost of rule book.			Monthly subscription payable in advance.		
	Rs.	Ans.	P.	Rs.	Ans.	P.
Class A.	12	4	0	2	0	0
,, B.	7	4	0	1	0	0
,, C.	3	12	0	0	8	0

And an annual assessment payable in January for all classes of eight annas per member, to revert exclusively to a Delegate Meeting Fund.

The Society is established on most of the Indian Railways, and possesses a journal of its own in which are published the proceedings of the various meetings that are held.

For further information apply to any of the Branch Secretaries or to

F. T. Atkins
General Secretary
New Amalgamated Society
of Railway Servants in
India, Allahabad.

রুশ তুর্ক যুদ্ধ।

প্রকাশিত হইয়াছে। স্বাক্ষরকারীগণ মূল্য ও ডাক মাশুল ।০ আনা হিসাবে পাঠাইলে পুস্তক পাইবেন। ১নং মির্জাপুর ষ্ট্রীট প্রতাপচন্দ্র মজুমদার; ১৩৫নং দড়মাহাটা ষ্ট্রীট মহেশচন্দ্র ভৌমিক; ৫৫নং কালেজ ষ্ট্রীট ক্যানিং লাইব্রেরী যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়; ও চিথলিয়া দোগাচি পোষ্ট পাবনা গ্রন্থকারের নিকট প্রাপ্তব্য।

মূল্য ১ টাকা ডাক মাশুল ।০ আনা মাত্র।

পাষাণ প্রতিমা।

(ঐতিহাসিক দৃশ্য কাব্য।)

শ্রীগোপালচন্দ্র মুখোপাধ্যায় প্রণীত।

কলিকাতা, পটলডাঙ্গায়, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে, ক্যানিং লাইব্রেরিতে, চীনাবাজার পদ্মচন্দ্র নাথের দোকানে এবং হোগল কুঁড়িয়ায় সংবাদ প্রভাকর কার্য্যালয়ে গ্রন্থকারের নিকট প্রাপ্তব্য। মূল্য ১৲ এক টাকা, ডাক মাশুল ৵০ আনা।

শ্রীযুক্ত বাবু কালী প্রসন্ন ঘোষ প্রণীত "প্রভাত চিন্তা" এবং শ্রীযুক্ত বাবু আনন্দচন্দ্র মিত্র প্রণীত "হেলেনা কাব্য, প্রথমখণ্ড' উভয়ের পরিবর্ত্তিত, পরিশোধিত এবং পরিবর্দ্ধিত সটিক নূতন সংস্করণ (যাহা আগামী ছাত্রবৃত্তি পরীক্ষার জন্য পূর্ব্ব বঙ্গ বিভাগের স্কুল সমূহের জন্য পাঠ্য নির্ব্বাচিত হইয়াছে, ও এতদুভয়ের সরল ব্যাখ্যা "ঢাকা, পটুয়াটুলী, ২৬। ২৭ নং ভবন কাব্য প্রকাশ লাইব্রেরীতেই, কে, সি, বসু এণ্ড কোং দ্বারা বিক্রিত হইতেছে।

উক্ত লাইব্রেরীতে ছাত্র বৃত্তির পাঠ্য সমুদয় পুস্তক এবং প্রসিদ্ধ প্রসিদ্ধ গ্রন্থকার দিগের গ্রন্থাদি — কাব্য, নাটক. উপন্যাস, নবন্যাস, চরিতাখ্যান ও রহস্যাদিও বিক্রীত হইতেছে। অধিক পুস্তক ক্রয় করিলে ক্রেতাদিগকে যথোপযুক্ত কমিসন দেওয়া হয়। নগদ মূল্য সহ ডাক মাসুলএবং পেকিং খরচা পাঠাইলে অতি যত্নের সহিত বিদেশে পুস্তক পাঠাইবারও অতি সুবন্দোবস্ত করা হইয়াছে।

যথোপযুক্ত কমিসন পাইলে অতি যত্নের সহিত উক্ত লাইব্রেরীতে বিদেশীয় গ্রন্থকারবর্গের পুস্তক বিক্রয়ার্থ গচ্ছিত রাখা হয়।

বেঙ্গল হোমিওপ্যাথিক ফারমেসি।

১নং আপার সারকুলার রোড,
কলিকাতা।

এখানে সকল প্রকার হোমিওপ্যাথিক ঔষধ, ইংরাজি ও বাঙ্গলা ব্যবস্থা পুস্তক, ঔষধ পূর্ণ নানাপ্রকার গৃহ চিকিৎসার বাকস এবং চিকিৎসক ও পথিকদিগের সাথ লইয়া বেড়াইবার অতি সৌন্দর্য্য বিলাত নির্ম্মিত পকেট কেস ও অন্যান্য সহকারী দ্রব্য সকল সুলভ মূল্যে প্রাপ্ত হওয়া যায়।

গৃহ চিকিৎসার ওলাউঠার বাকস সমেত ব্যবস্থা পুস্তক।

১২ শিশি ৫ টাকা — ২৪ শিশি ১০ টাকা।
ক্যাম্ফার — ১ টাকা।
পকেট কেস — শিশি ১২ ২৪ ৩. ৩৬ ৬.
ক্ষুদ্র বটীকার সমেত ব্যবস্থা পুস্তক — ৭ ১২ ১৫ " ২৮
১ ড্রাম শিশি — ৯ ১৬ " "
২ ড্রাম শিশি — ১২ ২০ " ৩.
বিনা পুস্তক।

লালবিহারি মিত্র এবং কোং,
হোঃ চিকিৎসক ও কেমিষ্ট।

মাধব মোহিনী।

"গণনীয় নবন্যাস মধ্যে গণনা করিতে সঙ্কুচিত হই না" অমৃত বজার পত্রিকা।

চন্দ্র রোহিণী।

সর্ব্ব শ্রেষ্ঠ নবন্যাস লেখকগণ এত দূর কৃতকার্য্য হন নাই। মধ্যস্থ।

হীরালাল নাটক।

"আমাদের মতে ইহা এক খানি উৎকৃষ্ট নাটক হইয়াছে।" অমৃত বাজার পত্রিকা।

প্রতি পুস্তকের মূল্য ১ টাকা ডাক মাশুল ৵০ আনা।

(সচিত্র) বসন্তক।

(১) প্রথম খণ্ড হইতে ২৪ খণ্ড অবধি মূল্য ৩৲ টাকা ডাক মাশুল ।০ আনা।

লর্ড লিটনের চিত্র মূল্য এক আনা ডাক মাশুল এক আনা।
শ্রীকৃষ্ণ রাধার চিত্র মূল্য এক আনা ডাকমাশুল এক আনা।

"সুচারু যন্ত্র" ৩৩৬ চিতপুর রোড কলিকাতা। } শ্রীদ্বারকানাথরায়ের নিকট প্রাপ্তব্য।

বাঙ্গালা দেওয়ানি কার্য্য বিধান।

জিলা খণ্ড ধুবরীর অতিরিক্ত সহকারী কমিশনর শ্রীযুক্ত বাবু হরিশ্চন্দ্র চাকী রায় বাহাদুর কর্ত্তৃক উপক্রমণিকা, ব্যাখ্যা, সার্কিউলার, ও বহুল নজীর সম্বলিত ইং ১৮৭৭। ১০ আইন অর্থাৎ নব্য দেওয়ানি কার্য্য বিধান বঙ্গ ভাষায় মুদ্রিত ও প্রকাশিত হইতেছে। ইহার অগ্রিম মূল্য অর্থাৎ যিনি চৈত্র মাস মধ্যে মূল্য প্রদান করেন তজ্জন্য মায় ডাক মাশুল ৫।।০ ও পশ্চাৎ দেয় ৭।।০ টাকা ধার্য্য করা গেল। গ্রাহকগণ উক্ত গ্রন্থকারের নিকট মূল্য প্রেরণ করিলেই সত্বর পুস্তক প্রাপ্ত হইবেন।

অমৃত বাজার পত্রিকা।

সন ১২৮৪ সাল, ২রা চৈত্র, বৃহস্পতিবার।

আবার কঠোর শাসন।

যখন ক্যাম্বেল সাহেব নিরুপায়ী কারাবাসীদিগের প্রতি নির্দ্দয় ব্যবহার করিতে প্রবর্ত্ত হন, তখন অনেক গুলি এদেশীয় সম্বাদ পত্র প্রাণপণে তাহার প্রতিবাদ করেন। অনেকেই ইংরাজ শাসনাধীন রাজ্যের জেল গুলিকে জরাসিন্ধুর কারাগার বলিয়া বর্ণন করেন, অনেকে দয়া ধর্ম্মের দোহায় দিয়া রাজপুরুষদিগকে এই রূপ নিদারুণ কার্য্য হইতে বিরত হইতে পরামর্শ দেন, অনেকে কারাবাসীদিগের দুঃখ মোচনার্থে ঈশ্বর সমীপে প্রার্থনা করেন, এবং অনেকে ইহাদের কষ্টের নিমিত্ত নির্জ্জনে বসিয়া রোদন করেন। দেশীয় সম্বাদ পত্রের সম্পাদকদিগের এই আন্তরিক যত্ন সফল হইবার উপক্রম হয়। সার রিচার্ড টেম্পল বুঝিতে পারেন যে, মনুষ্যকে সৎ পথাবলম্বী করার রাজ পথ রাজ দণ্ড নহে, ইহার অন্য পথ আছে, এবং এই নিমিত্ত তিনি তাঁহার ১৮৭৫ খৃঃ অব্দের রিপোর্টে এই রূপ লিখেনঃ—

কারাগারে যত কঠোর নিয়মের প্রবর্ত্তনা হইতেছে, কারাবাসীরা কাজেই তত এই নিয়ম ভঙ্গের অপরাধ করিতেছে। গত বৎসর জেলে ৩১৪৭৫ জন কারাবাসী এই নিয়ম ভঙ্গ অপরাধে শাস্তি প্রাপ্ত হয়, ইহার পূর্ব্ব বৎসর ২৫৯১২ জন এই অপরাধ করে। যাহা হউক জেল কর্ত্তৃপক্ষীয়েরা গত বৎসর অপেক্ষাকৃত অল্প লোককে উপরিউক্ত অপরাধের জন্যে শারীরিক দণ্ড দিয়াছেন দেখিয়া লেফটেনেণ্ট গবর্ণর ভারি সন্তুষ্ট হইয়াছেন।”

টেম্পল সাহেব এই রূপ অভিপ্রায় ব্যক্ত করিয়া, যে সকল জেল কর্ত্তৃপক্ষীয়েরা কারাগারবাসীদিগকে অপেক্ষাকৃত অধিক শারীরিক দণ্ড প্রদান করেন, তাহাদিগের প্রতি কিছু বিরক্তি প্রকাশ করেন। প্রেসিডেন্সি জেলে সর্ব্বাপেক্ষা অধিক কয়াদি শারীরিক দণ্ড প্রাপ্ত হয় এবং তিনি এই জেলের কর্ত্তাকে এই রূপ উপদেশ প্রদান করেনঃ—

প্রেসিডেন্সি জেলের কর্ত্তৃপক্ষীয় লিখিয়াছেন যে, কয়াদিদের অসচ্চরিত্র ও নিয়োজিত কার্য্যের প্রতি তাচ্ছিল্যের জন্যে তিনি উহাদের প্রতি কঠিন দণ্ড ব্যবস্থা করিতে বাধ্য হইয়াছেন। কোন কোন স্থানে বটে এরূপ কঠিন শাস্তি প্রদান করার প্রয়োজন হইতে পারে, কিন্তু উপরিউক্ত জেল কর্ত্তৃপক্ষীয়ের এটি বিশেষ রূপে স্মরণ রাখিয়া কার্য্য করা উচিত যে, যত গুরুতর দণ্ড না দিয়া কারাবাসীদিগকে শাসন ও কর্ত্তব্য কর্ম্মপরায়ণ করা যায় তত ইহা দ্বারা উত্তম ফল ফলিবে এবং লেঃ গবর্ণর আবার সমুদয় জেল কর্ত্তৃপক্ষীয়দিগকে স্মরণ করিয়া দিতেছেন যে, যিনি কয়াদিদিগকে অল্প শাস্তি প্রদান করিয়া সুচারুপূর্ব্বক জেলের কার্য্য নির্ব্বাহ করিবেন তিনি অধিক পারদর্শিতা দেখাইবেন।

টেম্পল সাহেব কেবল জেল কর্ত্তৃপক্ষীয়দিগকে এই রূপ উপদেশ প্রদান করিয়া ক্ষান্ত হন না। তিনি কয়া[redacted] দিগের চরিত্র সংশোধন ও কর্ত্তব্য জ্ঞান উদ্দীপ্ত করি[redacted] অন্য অন্য উপায় দেখাইয়া দেন। তিনি জেলে “ম[redacted] প্রণালী প্রচলিত করেন। তিনি নিয়ম করেন যে, যে কয়াদি যত কর্ত্তব্যপরায়ণ ও সচ্চরিত্র হইবে তাহাকে তত অধিক মার্ক দেওয়া হইবে, এবং এই রূপে যে কয়াদি নির্দ্দিষ্ট সংখ্যা মার্ক পাইবে, সে মিয়াদ না ফুরাইতেও মুক্তি লাভ করিবে অথবা তাহার মিয়াদের দৈর্ঘ্যতা কিছু কর্ত্তন করা যাইবে। এই শুভকর নিয়ম অমৃতময় ফল প্রসব করিতে থাকে। এই শুভকর নিয়ম কর্ত্তৃক কি উপকার হইয়াছে তাহা ইতিপূর্ব্বে কয়েক বার আমরা প্রকাশ করিয়াছি। ইহা দ্বারা জেল কর্ত্তৃপক্ষীয়দিগের কারাবাসীদিগকে দণ্ড প্রদান করার প্রয়োজন কমিয়া যায় এবং ১৮৭৫ খৃঃ অব্দে যে কারাগারে ৩১৪৭৫ জন কয়াদি জেলের নিয়ম ভঙ্গ অপরাধে শাস্তি প্রাপ্ত হইয়াছিল, সেই খানে গত বৎসর ১৭৮৭০ জন মাত্র শাস্তি প্রাপ্ত হয়, কিন্তু ইডেন সাহেব আবার বুঝি এই শুভকর কার্য্যের গতি অবরোধ করিলেন।

ইডেন সাহেব গত বৎসরের রাজ্য শাসন সংক্রান্ত রিপোর্টে এই রূপ লিখিয়াছেনঃ—“ কারাগারবাসীদিগের মধ্যে গত বৎসর জেলের নিয়ম ভঙ্গ অপরাধে ১৭৬৫৪ জন শাস্তি প্রাপ্ত হইয়াছে। ইহার পূর্ব্ব বৎসর এই অপরাধে জেল কর্ত্তৃপক্ষীয়দিগের ১৭৮৭০ জনকে শাস্তি প্রদান করিতে হয়।” এই তালিকাটী প্রকাশ করিয়া টেম্পল সাহেব হয় ত সন্তুষ্ট হইতেন। তিনি দেখিতেন যে তাঁহার প্রবর্ত্তিত শুভকর কার্য্যে দুই বৎসরের মধ্যে এরূপ ফল উৎপাদন করিয়াছে, কিন্তু ইডেন সাহেবের ইহাতে আনন্দ অনুভ করা দূরে থাকুক, প্রত্যুত তিনি দুঃখিত হইয়াছেন। তিনি উপরিউক্ত তালিকাটী প্রকাশ করিয়া লিখিয়াছেনঃ—“যে কারাগারে কয়াদিরা অল্প শাস্তি প্রাপ্ত হইয়াছে সে কারাগারের কয়াদিরা যে অপেক্ষাকৃত কর্ত্তব্য পরায়ণ ও সুশীল সেরূপ সিদ্ধান্ত করা অন্যায়। অপিচ যাহারা আইন ভঙ্গ করিয়াছে তাহাদের পক্ষে বিনা শাস্তিতে শাসনাধীনে ও সুশিক্ষিত হওয়া অসম্ভব, এবং এই জন্যে যেখানে কয়াদিদিগকে অধিক শাস্তি প্রদান করা হয় সেই কারাগারের কার্য্য উত্তম চলে।”

ইডেন সাহেব এক একটী কার্য্য করেন, আর আমাদের শরীরের অর্দ্ধেক শোণিত শুষ্ক হয় এবং আশা ভরসা অন্তঃর্হিত হইয়া যায়। তিনি এই রূপ পুনঃ২ আমাদিগের হৃদয়ে আঘাত করিয়া আমাদিগকে নির্জীব করিয়া তুলিয়াছেন, কিন্তু তথাচ তিনি জেল সম্বন্ধে যে নিদারুণ ব্যবস্থা করিয়াছেন ইহা দেখিয়া বোধ হয় সকলই অশ্রুপাত করিবেন। ইডেন সাহেব বলিয়াছেন যে, যাহারা আইন ভঙ্গ করে তাহাদের পক্ষে বিনা দণ্ডে শাসিত ও সুশিক্ষিত হওয়া অসম্ভব, কিন্তু যে দেশের আইন এই রূপ যে আপন গৃহে সপরিবার দ্বারা পরিবেষ্টিত থাকিয়াও প্রতি দিন অন্যূন বারবার উহা ভঙ্গ করিতে হয় সে দেশে আইন ভঙ্গ করা অপেক্ষা আইন পালন করা অধিক কঠিন কার্য্য। ইডেন সাহেব বঙ্গবাসীদিগের প্রতি যত বিদ্বেষ প্রকাশ করুন, তিনি এ কথা কোন মতে অস্বীকার করিতে পারিবেন না যে, বাঙ্গালিরা যেরূপ রাজ ভক্ত, নিরীহ, শান্ত ও আইন প্রতিপালক পৃথিবীর কোন দেশে এরূপ লোক পাওয়া যায় না, অথচ তিনি নিজেই গত বৎসরের রিপোর্টে প্রকাশ করিয়াছেন যে, “গত বৎসর সকল প্রকারের অপরাধের সংখ্যাই বৃদ্ধি হইতেছে।” টেম্পল সাহেব যেরূপ বলেন যে, কারাগারে কঠোর নিয়মের জন্যে কারাগারবাসীরা অধিক অপরাধ করে, এ দেশেও এই জন্যে দিন দিন এত অপরাধের সংখ্যা বৃদ্ধি হইতেছে। ষ্টিফেন সাহেবের কল্যাণে এ দেশ এখন এক রূপ কারাগার হইয়াছে। এরূপ অবস্থাতে কেহ কোন আইন ভঙ্গ করিলে তাহার হৃদয় দয়া ধর্ম্ম স্নেহ মমতা প্রভৃতি সমুদয় সৎপ্রবৃত্তি হইতে বর্জ্জিত হইবে, বন্য দুর্দ্দস্য পশুর ন্যায় তাহাকে ব্যবহার করিতে হইবে, ইহা ইডেন সাহেব রিপোর্টে প্রকাশ করুন, কিন্তু উহা কার্য্যে পরিণত হইতে বোধ হয় তিনিও ইচ্ছা করেন না। কারণ তিনি দেবতা নন মনুষ্য, এবং মনুষ্যের মধ্যে যিনি স্বপ্নেও কোন দুষ্কর্ম্ম করেন নাই তাহার এরূপ চিন্তা করা অসম্ভব।

একটি সদনুষ্ঠান।

আমরা সাতিশয় আহ্লাদের সহিত নি[redacted]পত্র খানি এস্থলে গ্রহণ করিলামঃ—

দুর্ভাগ্য ভারতবর্ষ, বিশেষতঃ বঙ্গ দেশ, মোকর্দ্দমার জন্য উচ্ছিন্ন গেল। প্রত্যেক মোকর্দ্দমাকারী ইহার বিষময় ফল সম্যক প্রকারে অনুভব করিয়াছেন, তথাপি নিবৃত্ত হইতে পারেন না। যাহাতে এই অন্তর্বিবাদের প্রস্রবণ এককালীন পরিশুষ্ক হয় আপনি তদর্থে বিশেষ চেষ্টিত আছেন, এই জন্য আপনার প্রসিদ্ধ পত্রিকায় সময়ে সময়ে দুই একটী প্রবন্ধ দৃষ্টি হইয়া থাকে। অদ্য আপনাকে একটী আনন্দজনক সংবাদ দিতেছি। ইহাতে আপনাকে কথঞ্চিৎ আশ্বাসিত করিতে পারিবে।

এই নড়াইল মহাকুমার অন্তর্গত লক্ষীপাসা, জয়পুর নামক একটী স্থান আছে। এই স্থানে শিক্ষিত, ধনী, এবং সৎ বংশজাত বহুতর লোকের বসতি আছে। সম্প্রতি লক্ষীপাসা নিবাসী কয়েক জন বিচক্ষণ লোক প্রস্তাব করেন যে তাঁহারা নিয়মিত রূপে আদালতে মোকদ্দমা করিবেন না। এই স্থানে একটী সভা হইবে, তাহাতে কতক গুলি সভ্য নির্ব্বাচিত হইবে, তাঁহারাই পঞ্চাইত স্বরূপে অধিবাসীগণের মধ্যে যাবতীয় বিবাদ মীমাংসা করিয়া দিবেন। প্রথম যেরূপ উদ্যোগ হইয়াছিল তাহাতে নব গঙ্গার ত্রিমহনা হইতে নলদীর ত্রিমহনা পর্য্যন্তের (প্রায় চারি মাইল স্থান) অধিবাসীগণ ইহাতে সম্মিলিত হইবেন কথা হইয়াছিল কিন্তু কয়েকটী সাধারণ কারণে আপাততঃ কিছু দিনের জন্য উহা স্থগিত রহিয়াছে।

জয়পুর নিবাসী মহাত্মাগণের জীবন্তোৎসাহে আমরা নিশ্চয়ই আ
ন্দিত হইয়াছি, বোধ হয় আপনার পাঠকগণ সমধিক পুলকিত হইবেন
বিগত রবিবারে জয়পুরে একটী সাধারণ সভার আহ্বান হই
ছিল। তাহাতে ঐ গ্রামের অধিকাংশ প্রধান প্রধান লোক উপস্থি
ছিলেন। এই সভায় নিচের লিখিত সমস্ত বিষয় সকল অবধারি
হইয়াছে। এবং সমস্ত অধিবাসীগণ প্রতিজ্ঞাবদ্ধ হইয়াছেন যে ইহা
কখনও ঐ প্রতিজ্ঞা ভঙ্গ করিবেন না।

সভার নাম ও বিবরণ।

১। ইহার নাম জয়পুর হিতৈষিণী সভা হইয়াছে।

২। এক জন সম্পাদক, এক জন সহকারী সম্পাদক, কয়েক
লেখক নিযুক্ত হইয়াছেন।

৩। এই স্থানে যত প্রকার বিবাদ উপস্থিত আছে কি ভবিষ্য
উপস্থিত হইবে তাহা সভার দ্বারা মীমাংসিত হইবে।

৪। কয়েক খণ্ড বহি রাখা গিয়াছে তাহাতে সভার এবং ঐর
মীমাংসার কার্য্য বিবরণ থাকিবে।

৫। প্রত্যেক মাসের দ্বিতীয় রবিবারে সভার অধিবেশন হইবে
বিশেষ কারণ বশতঃ সম্পাদক সহকারি সম্পাদক, মেম্বরদিগকে প
বর্ত্তন কি নূতন কোন লোককে সংযোজন করা যাইবে। যে মূল ভিত্তি
উপর এই সভার কার্য্যকারিতা নির্ভর করে এবং যাহাতে সমস্ত অ
বাসীদিগকে স্থির ভাবে এই সভার বশীভূত রাখিবে সেই নিয়মটী আম
কোন কারণ বশতঃ প্রকাশ করিতে ইচ্ছুক নহি। এই গ্রাম ও ই
অন্তর্গত কয়েকটী পাড়াতে নূনাধিক হাজার লোকের বসতি আ
সুখের বিষয় এই যে ভদ্র, কৃষিজীবী ও অন্যান্য সম্প্রদায়ের প্রতে
ব্যক্তি আন্তরিক যত্নের সহিত যোগ দিয়াছেন।

এই সভার কিছু দিনের কার্য্য বিবরণ দেখিয়া আমরা তৎসম্ব
সমালোচনা করিব এবং আপনাকে জানাইব। ঈশ্বর করুন, এই ম
উদ্দেশ্য সাধনকারিণী সভা দীর্ঘজীবী হইয়া বঙ্গ দেশের আদর্শ স্থ
পরিগণিত হয়।

উপরের প্রকাশিত পত্র খানি পাঠ করিয়া আম
আনন্দে পুলকিত হইলাম। এই সদনুষ্ঠানকারীদের ন
স্বর্ণাক্ষরে মুদ্রিত করা উচিত। ইতি পূর্ব্বে অনেক
আমরা বলিয়াছি যে, সুরাদেবী বাঙ্গলা দেশ উচ্ছিন্ন দিতে
না, নাস্তিকতায় দেশের এই রূপ দুর্গতি হইতেছে
বাল্য বিবাহ, শারীরিক দৌর্ব্বল্য কি পীড়ার প্রাদু
ইহার কারণ নহে, এদেশ প্রকৃত প্রস্তাবে মকর্দ্দ
দ্বারা উচ্ছিন্ন গেল। মকর্দ্দমায় বাঙ্গলার পারিবারিক শা
দূর করিয়াছে, মানসিক শান্তি দূর করিয়াছে,
জ্বরাজীর্ণ করিয়াছে। শুদ্ধ শান্তি, স্বস্তি সচ্ছন্দতা
করিয়া ক্ষান্ত হয় নাই। এই সমুদয় দুর্ল্লভ রত্ন অপ
করিয়া তাহার বিনিময়ে কালকূট ঢালিয়া দিয়াছে
এই বিষের জ্বালাতে বঙ্গ সমাজ, বঙ্গ সমাজ
ভারতবর্ষের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্য্যন্ত
কার ধ্বনি উঠিয়াছে, এদেশ রসাতল গমনোন্মুখ হইয়া

উপরি উক্ত শালিসি বিচারালয়টি যদি স্থায়ী হয়
উহার অনুষ্ঠান কারীরা যে বীজকণা রোপণ করিলেন
উহা যদি শাখা প্রশাখাযুক্ত বৃক্ষে পরিণত হয় তাহা হ
বঙ্গদেশ এক নূতন আকার ধারণ করিবে। এখন
বঙ্গ সমাজে হাহাকার ধ্বনি উঠিয়া গগণ আচ্ছন্ন করি
সেখানে আবার আনন্দ ধ্বনি উঠিবে, যে বঙ্গ সমাজের
মলিন হইয়াছে উহা আবার প্রফুল্লিত হইবে, যে পরি
অহোরহ দ্বেষ, হিংসা, আত্ম-কলহ প্রবল ঝটিকার
প্রবাহিত হইতেছে সেখানে আবার শান্তি বিরাজ ক
আবার গৃহস্বামী স্ত্রী পুত্র পরিবার লইয়া আনন্দ করি
আবার পল্লিগ্রামে পূর্ব্বকালীয় আমোদ উৎসবের ধ্ব
পরিপূর্ণ হইবে। আবার হিন্দু সমাজ সজীব হই
এদেশীয়েরা প্রকৃত উন্নতি মুখে ধাবিত হইবে।

ইউরোপীয় সভ্যতায় যখন বঙ্গসমাজ ভাঙ্গিয়া ছিন্ন
করিয়াছিল না, যখন পিতা পুত্রের উপর, স্বামী স্ত্রীর
জ্যেষ্ঠ ভ্রাতা কনিষ্ঠের উপর, সমাজ অধিপতির সম
উপর আধিপত্য ছিল, তখন দেশের প্রায় অনেক
পঞ্চাইত দ্বারা ভঞ্জন হইত। ইহারা সহজে মূহ
মধ্যে অথচ নিরপক্ষভাবে সমুদয় বিবাদ মীমাং
তেন। তাহাদের বিবাদ ভঞ্জন করিতে আস
সমন কি ওয়ারেন্ট দ্বারা উপস্থিত করিতে হই
অর্থি প্রত্যর্থির উকিল মুক্তিয়ারের সাহায্য লইয়া ম
করিতে হইত না, আইনের কূটার্থ লইয়া তর্ক হই
এবং কাহারও একটি পয়সা ব্যয় করিতে হইত
অর্থি প্রত্যর্থি গৃহে কাজ করিতে করিতে
করিতেন, সাক্ষীরা গৃহ কাজের কোন ক্ষতি

ক্ষা প্রদান করিত, এবং বিচারপতিরা মান্দুরে বসিয়া ম্বুকুটের ধুমা পান করিতে২ বিচার করিতেন। তখন ক্ষীদের সত্য কথা বাহির করণের জন্যে উকিলের ট প্রশ্ন করিতে হইত না। সুবিচার ও নিগূঢ় সত্যকে াইন, উকিল, ও বিচারপতি এরূপ করিয়া তিমিরাবৃত রিতে পারিতেন না যে, শেষে যাহারা এই রূপ ত্যকে অন্ধকার দ্বারা আচ্ছন্ন করার যত্ন করিয়াছিলেন াহারাও অনুসন্ধান করিয়া উহা প্রকাশ করিতে পারেন । মকর্দ্দমার সুবিচার আপনিই হইত, সাক্ষীরা অযত্ন- ভূত সত্য কথা কহিত, এবং বিচারপতিরা বিনা আইনে না বেতনে সুবিচার করিতেন। সুতরাং বঙ্গ সমাজে যদি াবার এই পঞ্চাইত বিচারালয় হয় তাহা হইলে এদেশে কেবল মকর্দ্দমার সংখ্যা হ্রাস হইবে না, লোকে প্রকৃত বিচার প্রাপ্ত হইবে।

গবর্ণমেন্ট চৌকিদারি ট্যাক্সের জন্যে প্রায় অনেক লে এই রূপ পঞ্চাইত স্থাপন করিয়াছেন। গ্রামের ধ্য যাহারা পদস্থ, অথচ যাহাদের উপর লোকের ভক্তি দ্ধা আছে, রাজপুরুষেরা প্রায়ই এই রূপ লোককে াইত নিযুক্ত করিয়াছেন। যদি কোন পতিকে এই াইতগুলি সে কালের ন্যায় পদস্থ করা যায় তাহা লে সম্ভবতঃ শালিসী বিচার প্রণালী আবার প্রচলিত ইতে পারে।

আমরা মফস্বলের সম্বাদ পত্রের সম্পাদকদিগের কট এক বার প্রস্তাব করি যে, তাঁহারা যদি যত্ন করেন হা হইলে দেশের মধ্যে ক্রমে এই রূপ শালিসী বিচার ণালীর প্রবর্ত্তনা করিতে পারেন। আমরা আবার তাঁহা- র নিকট এই প্রস্তাব করিতেছি। তাঁহারা যদি আপন পন জেলাতে যে সমুদয় পঞ্চাইত আছে তাহাদের নিকট প্রস্তাব ও তাহাদিগকে এই সদনুষ্ঠানে উত্তেজনা রেন তাহা হইলে সকল স্থানে না হউক কোথায়২ যে হারা কৃতকার্য্য হইতে পারেন তাহার কোন ভুল নাই। পাদকেরা আপনা আপনি দেশের সামাজিক ও অন্যান্য য়ের উন্নতির ভার স্বহস্তে গ্রহণ করিয়াছেন। এই তি দুই উপায়ে হইতে পারে। প্রথম আমাদের নিজের হইতে, দ্বিতীয় বহির্ভাগ হইতে। রাজপুরুষেরা দিন যেরূপ রাজকৌশল অবলম্বন করিতেছেন, বিশে- ঃ ইডেন সাহেব বাঙ্গালায় যত দিন শাসন করিবেন, দিন আমরা রাজপুরুষদিগের দ্বারা প্রায়ই কোন রূপ কারের প্রত্যাশা করিনা। এখন আমরা যাহা করিতে রি তাহা আমাদের নিজের মধ্য হইতে এবং যদি সম্পা- দিগের যত্নে এদেশীয়েরা যে মকর্দ্দমা লইয়া উন্মত্ত াছেন তাহা নিবৃত্তি হয় তবে তাহারা এদেশকে রকটা উদ্ধার করিবেন।

—০০০—

ইডেন সাহেব চট্টগ্রামে গমন করিয়া এক নূতন ভাব ণ করেন। চট্টগ্রামবাসীরা তাহার নিকট প্রকাশ ন যে সেখানে অন্নকষ্ট উপস্থিত হইয়াছে। ইডেন হেব ইহা শুনিয়া আজ্ঞা দিয়াছেন যে, যে স্থানে এই রূপ কষ্ট উপস্থিত হইয়াছে সেখানে এ বৎসর রোডশেষ হীত হইবে না। আমরা এই শুভ সংবাদটী শুনিয়া পরিতৃপ্ত হইলাম। ঘোর অন্ধকারময় রজনীর বিদ্যুৎ আলোকের ন্যায় ইডেন সাহেবের এই অনু- াদিগকে একটু সান্ত্বনা প্রদান করিল। ইডেন এখানে পদার্পণ করিয়া এই এক মাত্র দয়ার ভাব শ করিলেন। ইহা দ্বারা আমরা বুঝিতে পারিলাম তাহার হৃদয় প্রকৃত দয়াশূন্য নহে। বঙ্গ র এখন যেরূপ শোচনীয় অবস্থা তাহাতে এরূপ চিহ্ন দেখিলে কতক আশ্বাসের উদয় হয়। যদি ৎসর মান্দ্রাজ ও বোম্বাইয়ে অন্ন অভাবে সহস্র২ ত্যু গ্রাসে পতিত না হইত, অথবা বেহার ন নিমিত্ত এত অর্থ ব্যয় করিয়া গবর্ণমেন্ট লজ্জা ইতেন, তাহা হইলে বাঙ্গালায় আহারীয় দ্রব্য ক্রমে দুর্মূল্য হইতেছে তাহাতে কর্ত্তৃপক্ষীয়েরা য় এখানে নূতন কর নির্দ্ধারণ করা দূরে থাকুক, ায় তাহারা দুর্ভিক্ষের আশঙ্কা করিতেন। আমরা র প্রকাশ করি যে, বৎসরের মধ্যে এই সময় সর্ব্বত্র চাউলের মূল্য সুলভ হয়। এবার আবার রঙ্গপুরের চাউলের আমদানি এই সময় হওয়াতে পূর্ব্ব হইতে এ সময় চাউলের বাজার অধিক সুলভ হওয়ার কথা, কিন্তু মূল্য সুলভ না হইয়া গত বৎসর এসময় চাউলের যে মূল্য ছিল তাহা অপেক্ষা গড়ে সর্ব্বত্র প্রতি মণ এক টাকা বৃদ্ধি হইয়াছে। উড়িষ্যা দুর্ভিক্ষ যেবার হয় সেবার অপেক্ষাও এবার ধান্য চাউলের মূল্য বৃদ্ধি হইয়াছে। যেবার গবর্ণ- মেণ্ট বেহার দুর্ভিক্ষ লইয়া কোটি২ টাকা নষ্ট করেন সেবারও লোকের এত কষ্ট হইয়াছিল না। এ বৎসর বাঙ্গালার সর্ব্বত্র সমান শস্য উৎপন্ন হয় নাই, বেহার দুর্ভিক্ষ হইতে বাঙ্গালার চাউল অন্যত্র যে মহাবেগে রপ্তানি হইতে আরম্ভ হয় তাহাও এক দিনের জন্যে কমে না। গবর্ণমেন্ট কি অশুভ লগ্নে বেহার দুর্ভিক্ষের ধুয়া ধরেন যে, সেই অবধি ভারতবর্ষ এক দিন স্থির হইল না, এবং যেখানে দুর্ভিক্ষ হইতেছে তথাকার লোকের প্রাণ বাঙ্গালার অন্নের উপর নির্ভর করিতেছে। যদি কেবল প্রাণ রক্ষার জন্যে বাঙ্গালার চাউল রপ্তানি হইত, তাহা হইলে হয় ত বাঙ্গালা কি ভারতবর্ষের এরূপ দুর্গতি হইত না। বেহার দুর্ভিক্ষের সময় গবর্ণমেন্ট লক্ষ লক্ষ মণ চাউল নষ্ট করেন। বিধাতার নিয়ম যদি এই হয় যে অভাব অনু- সারে অন্নের সৃষ্টি হয়, তাহা হইলে রাজপুরুষগণ অসাব- ধানতা দ্বারা বেহার দুর্ভিক্ষের সময় সহস্র২ লোকের প্রয়োজ নীয় অন্নের অপব্যয় করিয়া ভারতবর্ষে দুর্ভিক্ষ আনয়ন করেন। বেহারে যেরূপ চাউল ধান্য প্রভৃতি নষ্ট হয়, বোধ হয় বোম্বাই মান্দ্রাজেও সেই রূপ নষ্ট হইয়াছে, এবং এই রূপ অন্ন নষ্ট করিয়া রাজপুরুষেরা ভারতবর্ষে কিয়ৎ পরিমাণে অন্নের অভাব করিয়া তুলিয়াছেন। যদি লোকের সচ্ছলতা থাকিত অথবা মাতর্ম্মেদিনী প্রসন্ন হইতেন তাহা হইলে হয় ত এ অভাব অনায়াসে পূর্ণ হইবার সম্ভব ছিল, কিন্তু এ দিকে লোকের যত আয় বৃদ্ধি হইতেছে, তত নানা কারণে দেশের অধিকাংশ লোক নির্ধন হইতেছে। আবার অনাবৃষ্টি আরম্ভ হইয়াছে। কৃষকদিগের এক গুণ মূল্যে শস্য বিক্রয় করিয়া দ্বিগুণ মূল্যে উহা ক্রয় করিতে হইতেছে। অজন্মার জন্যে জমিদারদিগের রাজস্ব সংগৃহীত হইতেছে না এবং অপর লোকের ত কোন কথাই নাই। সুতরাং গবর্ণমেন্টের ভারতবর্ষের অন্ন কষ্ট নিবারণ করা এক রূপ কঠিন হইয়া পড়িয়াছে। জ্বরাজীর্ণ শরীর লইয়া চিকিৎসকেরা যেরূপ ব্যতিব্যস্ত হইয়া পড়েন, রাজ পুরুষেরা ভারতবর্ষ লইয়া সেইরূপ ব্যতিব্যস্ত হইয়া পড়ি- য়াছেন। আবার যেখানে যে পরিমাণে অন্ন কষ্ট হইতেছে, বাঙ্গলা হইতে সেখানে সেই পরিমাণে চাউলের রপ্তানি হইতেছে। যদি চাউল ধান্যের রপ্তানির সঙ্গে বাঙ্গলার উৎপাদিকা শক্তির বৃদ্ধি হইত তাহা হইলে অন্যত্রের অমঙ্গলে বাঙ্গলার মঙ্গল হইবার সম্ভব ছিল। কিন্তু আজ কয়েক বৎসর অবধি বাঙ্গলায় শস্যের অবস্থা ভাল নহে। তাহার পর রোগ। এ বৎসর রোগে বাঙ্গলার অনেক লো[illegible]ায়ী করে, সুতরাং এরূপ রপ্তানি দ্বারা বাঙ্গলার লোকের কষ্ট দূর না হইয়া প্রত্যুত কষ্ট বৃদ্ধি হইতেছে। মাঘের শেষ হইতে চৈত্রের প্রথম পর্য্যন্ত এ দেশে চাউল ধান্যের যে মূল্য থাকে তাহা আষাঢ় শ্রাবণ পর্য্যন্ত সমান বৃদ্ধি হয়, ভাদ্র মাসে আবার কিছু মূল্য কমে, তাহার পর অগ্রহায়ণ পর্য্যন্ত বৃদ্ধি হয়। ভাদ্র মাসে চাউলের মূল্য হ্রাস হওয়ার প্রধান কারণ রঙ্গপুর ও দিনাজপুরের আমদানি, দ্বিতীয় আউশ ধান্য। এবং রঙ্গপুরের ও দিনাজপুরেরর আমদানি এখনই আরম্ভ হইয়াছে। কাজে২ ভাদ্র মাসে যদি চাউলের মূল্য সুলভ হয় সে অতি সামান্য হইবে। বিশেষতঃ এবার আবার ভারত- বর্ষের স্থানে স্থানে অন্ন কষ্ট উপস্থিত হইবার সম্ভব। এরূপ অবস্থাতে ইডেন সাহেব চট্টগ্রামে যে অনুগ্রহ প্রকাশ করিয়াছেন তাঁহার এই অনুগ্রহ অন্যত্র প্রকাশ করা কর্ত্তব্য।

পাইওনিয়ার সম্বাদ পত্র যে গবর্ণমেন্টের সকল বিষয়ই সমর্থন করেন, তাহা বোধ হয় কাহারও অবিদিত নাই। সম্প্রতি নাগাদিগের সহিত ইংরাজদিগের যে যুদ্ধ হইয়া গিয়াছে সে সম্বন্ধে তিনি এই রূপ মত প্রকাশ করিয়াছেন। তিনি বলেন, নাগারা ব্রিটিশ রাজ্যের কোন স্থানে লুণ্ঠন কি অনধিকার প্রবেশ করে নাই, অথবা ব্রিটিশ প্রজার সঙ্গেও তাহারা কোন বিবাদ বিসম্বাদ করে না। তবে তাহারা তিনটি অপরাধ করে। প্রথম তাহারা তাহাদের প্রতি- বাসী অপর একটি নাগা জাতির সঙ্গে তাহাদের চির প্রথা অনুসারে বিবাদ করে। দ্বিতীয়তঃ পলিটিকেল এজেণ্ট তাহা- দিগকে বিশেষ কোন পথে বিবাদ করিতে নিষেধ করেন, তাহারা উহা না শুনিয়া ঐ স্থানে বিবাদ করে। তৃতীয়তঃ মণিপুরস্থ কোন কোন নাগা গ্রাম তাহারা আক্রমণ করে। তাহাদের এই অপরাধ এবং ইহা সহ্য করিতে না পারিয়া ব্রিটীশ সিংহ গর্জ্জিয়া উঠেন এবং সসৈন্যে নাগা রাজ্যে সর্ব্বনাশ বিস্তার করিতে উহার মধ্যে প্রবেশ করেন। ইংরাজেরা উপরিউক্ত নাগাদিগের প্রধান গ্রাম মঝামাতে গত ৮ই ডিসেম্বর তারিখে প্রবেশ করিয়া তাহাদের ৪০০ শত গৃহ ভস্মীভূত করেন। এই গৃহগুলি সচরাচর নাগা পর্ব্বতে যেরূপ সামান্য আকারের ঘর থাকে সেরূপ নহে, তাহা অপেক্ষা উৎকৃষ্ট, এবং প্রত্যেক গৃহ নির্ম্মাণ করিতে অন্ততঃ ২০ টাকা ব্যয় হইয়াছিল, সুতরাং ইংলিশ গবর্ণমেন্ট অগ্নি দ্বারা কেবল মঝামা গ্রামে ৮ হাজার টাকার গৃহ নষ্ট করিয়াছেন। গৃহে যে সমুদয় গৃহ সজ্জা ও অন্যান্য দ্রব্যাদি ছিল তাহাও তাহারা এই রূপে নষ্ট করিয়াছেন। এই গ্রামের নিকট যে সকল সেগুণ ও সাল বৃক্ষ ছিল সে গুলি সমুদয় রাজ পুরুষেরা ছেদন করিয়া দুর্গ নির্ম্মাণ ও অন্যান্য কার্য্যে ব্যবহার করিয়াছেন। গ্রামবাসীরা অনেক যত্ন ও পরিশ্রম দ্বারা গ্রামের চতুর্দ্দিকে যে প্রস্তরময় প্রাচীর নির্ম্মাণ করে তাহা ইহারা ভূসায়ী করিয়াছেন। ব্রিটিশ গবর্ণমেন্টের পক্ষ হইতে এখানে গড়ে ৫০০ শত লোক ৮ই ডিসেম্বর হইতে ২৫শে জানুয়ারি পর্য্যন্ত অবস্থিতি করে এবং ইহাদের আহারীয় তণ্ডুল গ্রামবাসীরা প্রদান করে। এই এক মাস কয়েক দিন পাঁচ শত লোক আন্দাজ পাঁচ শত মন তণ্ডুল আহার করিয়াছে এবং ইহার মূল্য বোধ হয় ১৫০০ টাকা হইবে। ব্রিটিশ সৈন্যেরা যে তণ্ডুল ভক্ষণ করে তাহা নাগারা দ্বিতীয় ফসল পর্য্যন্ত আপনাদের আহারের নিমিত্ত সঞ্চয় করিয়া রাখিয়াছিল, সুতরাং এই তণ্ডুল অভাবে তাহাদের অনশনে প্রাণত্যাগ করিতে হইবে। মঝামাতে যত জল পথ ছিল এবং যত বাঁশ ছিল তাহা সমুদয় নষ্ট হইয়াছে। নাগাদিগের বাঁশ ছাড়া মূহূর্ত্ত চলে না, সুতরাং ইহা নষ্ট হওয়াতে তাহাদের বিশেষ ক্ষতি হইবে। পাইওনিয়ার গত নাগা যুদ্ধের এই রূপ বর্ণন করিয়া তাহার পর এই যুদ্ধের দ্বারা নাগাদিগের অর্থ সম্বন্ধে কত ব্যয় হইয়াছে তাহার এই রূপ একটী হিসাব দিয়াছেনঃ—

যে সমুদয় গৃহ নষ্ট হইয়াছে তাহার মূল্য	৮০০০
যে সমুদয় তণ্ডুল ইংরাজের লোকে আহার করিয়াছে তাহার মূল্য	১৫০০
গৃহের সঙ্গে২ যে সমুদয় দ্রব্য পুড়িয়া গিয়াছে তাহার মূল্য	১০০০
বাঁশের মূল্য ও প্রস্তর প্রাচীর নির্ম্মাণের ব্যয়	৫০০
মোট	[illegible]

রাজপুরুষেরা উপরিউক্ত দণ্ড দিয়াও তৃপ্ত হন নাই। কোনামা নামক স্থান হইতে নাগাদিগকে তাহারা বিতা- ড়িত করেন এবং বালক ও স্ত্রীগণ আশ্রয়শূন্য হইয়া অনা- হারে ভয়ানক শীতের সময় প্রাণের ভয়ে কখনও দুর্গম পর্ব্বত শিখরে আশ্রয় গ্রহণ করিয়াছে, কখনও কন্টকপূর্ণ নিবিড় কাননে প্রবেশ করিয়াছে। এতদ্ভিন্ন নাগারা শরণাগত হইলে তাহারা নিষিদ্ধ স্থানে যুদ্ধ করিয়াছিল এই জন্য তাহাদের এক শত টাকা জরিমানা করা হইয়াছে ও তাহাদিগকে চারিটি বন্দুক অর্পণ করিতে হইয়াছে, তাহা- দের প্রতিজ্ঞায় আবদ্ধ হইতে হইয়াছে যে, বৃটীশ অধিকৃত স্থানে যে সমুদয় নাগা বাস করে তাহারা তাহাদের প্রতি কখন কোন অত্যাচার করিতে পারিবে না, এবং কোন বিবাদ হইলে তাহারা পলিটিকেল এজেন্ট কর্ত্তৃক তাহার মীমাংসা করিবে। ডারউইনের মত সত্য হউক আর মিথ্যা হউক, কিন্তু ইহা সত্য যে পর্ব্বতবাসী নাগা ও ইউরোপবাসী খৃষ্টানেরা এক জাতীয় জীব নহে, আবার আশিয়া যদি নরলোকের মধ্যে পরিগণিত হয় তবে ইউরোপ স্বর্গ না হউক, আশিয়া যে লোক ইউরোপ সে লোক নহে।

—০ঃ০—

যিনি যাহা বলুন ডিসরেলি সাহেব এবার অতি সুন্দর কৌশল দেখাইয়াছেন। এখন যদি অষ্ট্রীয়ার সঙ্গে রুশিয়ার যুদ্ধ বাধাইয়া দিতে পারেন তাহা হইলে ইংলণ্ডের আরো বাহাদুরি হইবে। রুশিয়া তুর্কিকে নিপাত করিয়াছেন সত্য বটে, আবার ইহা দ্বারা ইংলণ্ডের যে বিস্তর অনিষ্ট হইয়াছে সেও সত্য, কিন্তু কেবল ইংরাজ রাজমন্ত্রীর কৌশলে রুশিয়া তত সহজে তিনি গত যুদ্ধে যে ফল লাভ করেন তাহা উপভোগ করিতে পারিতেছেন না। রুশিয়ার নিজ ধন নিজ বল দ্বারা তুর্কিকে পদানত করিয়া অপর রাজাদিগের আজ্ঞাধীন হইয়া সন্ধি স্থাপন করা নিতান্ত কম কষ্টের কথা নহে। যখন ফ্রান্সের সঙ্গে প্রশিয়ার যুদ্ধ হয়, তখন প্রশিয়ার নিকট কেহ এরূপ প্রস্তাব করেন না, যে কি নিয়মে সন্ধি স্থাপন করিবে তাহা রাজ সভা দ্বারা সাব্যস্ত হইবে। শ্লেসিস ও লরেন্স জার্ম্মেনী রাজ্যভুক্ত হইল, পৃথিবী সম্মত ইহাতে অবিচার লক্ষ্য করিলেন কিন্তু ইহার প্রতিবাদ কেহ করিলেন না। কিন্তু তুর্কি ইচ্ছা পূর্ব্বক রুশিয়ার সঙ্গে যে সন্ধি স্থাপন করিতেছেন, অপর রাজারা তাহাতেও বাদী হইয়াছেন এবং রুশিয়া যে এই ঘোর বিপদে পড়িয়াছেন ইহার মূল লর্ড বিকন্সফিল্ড। ইংলণ্ড যদি প্রথম হইতে যুদ্ধে প্রবর্ত্ত হইতেন তাহা হইলে হয়ত তাহার তুর্কির সঙ্গে২ পতন হইতে হইত, কারণ ইংলণ্ড যুদ্ধের নিমিত্ত প্রস্তুত ছিলেন না। আবার তাহা হইলে হয়ত রুশিয়ার সঙ্গে অপর কোন ইউরোপীয় রাজা যোগ দিতেন, হয়ত এখন যে অষ্ট্রিয়া কি ইটালিকে ইংলণ্ডের দলস্থ হইয়াছেন ইহাদের কেহ২ তাহার বিপক্ষে দণ্ডায়মান হইতেন, এবং যদি যুদ্ধে পরাস্ত হইতেন তাহা হইলে ইংলণ্ডের চিরকালের জন্যে পতন হইতে হইত, সুতরাং ইংলণ্ড যুদ্ধে ব্যাপৃত না হইয়া যত ক্ষতিগ্রস্তই হউন, যুদ্ধে প্রবর্ত্ত হইয়া পরাস্ত হইলে তাহার যত সর্ব্বনাশ হইত তাহা দ্বারা তাহা হইল না। আবার এখন রুশিয়া তাহা কর্ত্তৃক গোলযোগে পতিত হওয়াতে ইংলণ্ডের এই যুদ্ধে যে ক্ষতি হয় অন্ততঃ তাহার কিছু পূরণ হইয়াছে। এতদ্ভিন্ন এখন ইংলণ্ড যুদ্ধের আয়োজন করিয়াছেন। অপরে বিশ্বাস করুক না করুক, ইংরাজেরা এখন ইহা বলিতে পারিবেন যে; রুশিয়া তাঁহাদের ভয়ে কনেষ্টেন্টিনোপোলে প্রবেশ করিতে পারেন নাই, তাহাদের ভয়ে সন্ধির নিয়ম সমুদয় পরিবর্ত্তন করিতে হইল, তাহাদের ভয়ে রাজ সভা দ্বারা সন্ধি স্থাপন করা স্থির করিলেন।

—০০০—

মান্দ্রাজে যেরূপ লাইসেন্স ট্যাক্স হইতেছে তাহা বাঙ্গলার প্রচলিত ট্যাক্স অপেক্ষা অনেক ভাল। বাঙ্গলায় যাহার বার্ষিক আয় এক শত টাকা তাহার কর দিতে হইবে, মান্দ্রাজে যাহাদের বার্ষিক আয় দুই শত টাকার কম তাহাদের এই কর দিতে হইবে না। বাঙ্গলায় কাহাকেও ৫০০ শত টাকার অধিক ট্যাক্স দিতে হইবে না, কিন্তু মান্দ্রাজের উচ্চতম হার ৮০০ শত টাকা। মান্দ্রাজে নিম্নলিখিত হারে ট্যাক্স নির্দ্ধারিত হইবে। যাহাদের বার্ষিক আয় ২০০ শত হইতে ৫০০ শত পর্য্যন্ত তাহাদের ৪ টাকা, যাহাদের বার্ষিক আয় ৫০০ শত হইতে ১২৫০ শত তাহাদের ১০ টাকা, যাহাদের আয় ১২৫০ হইতে ২৫০০ টাকা তাহাদের ২৫ টাকা, যাহাদের আয় ২৫০০ হইতে ৫০০০ হাজার টাকা তাহাদের ৫০ টাকা হারে কর দিতে হইবে। ৪০ হাজার টাকা কি ইহার অধিক যাহাদের বার্ষিক আয় তাহাদের ৮০০ শত টাকা ট্যাক্স দিতে হইবে। মান্দ্রাজে ইডেন সাহেবও নাই, ব্রিটিশ ইণ্ডিয়ান আশোসিয়েশনও নাই, ম্যাকেঞ্জি সাহেবও নাই, সুতরাং সেখানে আইনের এরূপ পরিবর্ত্তন হইবে না কেন? যাহা মান্দ্রাজে হইয়াছে তাহাই ভারতবর্ষের সর্ব্বত্র হইত। ষ্ট্রাচি সাহেব যখন এই আইনের বিলটী সিলেক্ট কমিটীতে অর্পণ করেন তখন তিনি এই রূপ ইঙ্গিত করেন। তিনি বলেন, ইণ্ডিয়ান গবর্ণমেন্টের ইচ্ছা ছিল যে তাহারা এই আইন সম্বন্ধে বিশেষ পরিবর্ত্তন করেন এবং বিলম্ব করিয়া বিধিবদ্ধ করেন। ইণ্ডিয়ান গবর্ণমেন্টের বিলম্ব করিয়া বিধিবদ্ধ করার কারণ যে, ব্যবস্থাপকেরা এ সম্বন্ধে সাধারণের মত কি তাহা অবগত হন, কিন্তু ইডেন সাহেবের পরামর্শে তাহারা ইহা শীঘ্র বিধিবদ্ধ করিলেন। যদি আর ১৫ দিন বিলম্ব করিতেন তাহা হইলে কলিকাতাবাসীরা ইহার প্রতিবাদ করিতেন, তাহা হইলে বোম্বাই হইতে ইহার বিরুদ্ধে যে ঘোর আপত্তি উত্থাপিত হইয়াছে তাহা উঠিত, ষ্ট্রাচি সাহেব দেখিতেন যে লোকে লাইসেন্স ট্যাক্স চাহে না, এবং তাহাদের যদি কোন রূপ ট্যাক্স দিতে হইত তাহা হইলে তাহাদের বিবেচনায় উহা এরূপ হওয়া উচিত ছিল যে, উহাতে দরিদ্র লোক মারা না পড়ে।

—০০—

পুনা, সুরাট, ও বোম্বায়ের অন্যান্য স্থানে লাইসেন্স ট্যাক্সের বিরুদ্ধে ক্রমাগত সভা হইতেছে। মান্দ্রাজেও সত্বর এই রূপ একটি সভা আহুত হইবে। পুনার সভাতে ৩।৪ হাজার লোক উপস্থিত হন কিন্তু সুরাটে এক প্রকাণ্ড ব্যাপার হইয়া গিয়াছে। এখানে অনাচ্ছাদিত স্থানে সভা আহুত হয় এবং তথায় ২৫০০০ হাজার লোক উপস্থিত হইয়াছিলেন। ভারতবর্ষের সর্ব্বত্র হইতে লাইসেন্স ট্যাক্সের বিপক্ষে লোকে প্রতিবাদ করিতেছে এবং এ সময় কলিকাতাবাসীরা যদি গবর্ণমেণ্টের পক্ষ সমর্থন না করিতেন তাহা হইলে গবর্ণমেন্ট কোন মতে ধনীর অর্থে হস্ত না দিয়া দীনহীন দরিদ্র লোকের অর্থ দ্বারা রাজকোষ পূর্ণ করিতে সাহস করিতেন না। কলিকাতাবাসীরা এবার ট্যাক্স সম্বন্ধে যে অনিষ্ট করিয়াছেন তাহা আবার বৃদ্ধি করার যত্ন না করিতেন তাহা হইলেও বোধ হয় দেশের কতক মঙ্গল হইত, কিন্তু তাহারা আপনারা ভ্রম করিয়া অপরকে এ ভ্রম প্রমাদে পতিত করিবার যত্ন করিতেছেন। যাহারা এরূপ গর্হিত কার্য্যে প্রবর্ত্ত হইয়াছেন তাহাদের এক বার দেশের দুর্গতির দিকে দৃষ্টিপাত করা কর্ত্তব্য এবং পৃথিবীর মান মর্য্যাদা বৈভব যে অল্প দিনের জন্যে তাহাও স্মরণ করা কর্ত্তব্য।

—০০০—

আমরা আহ্লাদের সহিত এই পত্র খানি এ স্থলে প্রকাশ করিলামঃ—

আমাদিগের কারামোচন জন্য আপানারা নিস্বার্থপর হইয়া অনুগ্রহ পূর্ব্বক যে সাহায্য করিয়াছেন তাহার জন্য আমরা শত শত ধন্যবাদ প্রদান করিতেছি। যে সকল লোক আমাদিগকে অর্থ সাহায্য করিয়াছেন, কিম্বা আমাদিগকে আইন সম্বন্ধীয় উপদেশ প্রদান করিয়াছেন, কিম্বা আমাদিগের নির্দ্দোষিতা বুঝিতে পারিয়া সংবাদ পত্রে সাহায্য প্রদান করিয়াছেন তাঁহারা সকলেই সমানরূপে আমাদিগের কৃতজ্ঞতার পাত্র। যত দিন শরীরে জীবন থাকিবে তত দিন তাঁহাদিগের দয়া বিস্মৃত হইব না। পরমেশ্বরের নিকট প্রার্থনা যে তাঁহারা সকলই দীর্ঘজীবি ও সুখী হউন। আমাদিগকে নিরুপায় দেখিয়া আপনারা যে দয়া করিয়াছেন তাহার জন্য পরমেশ্বর আপনাদিগকে আশীর্ব্বাদ করিবেন। আপনারা সাহায্য না করিলে আমরা নিরুপায় হইয়া জেলে বন্দী হইয়া থাকিতাম। আমাদিগের প্রার্থনা এই যে রামগতির সম্বন্ধে গবর্ণমেণ্ট তদারক করুন এবং সেই তদারকের জন্য আপনারা সকলেই সাহার্য্য করুন।

ইতি ৮ ই মার্চ্চ।
শ্রীরাম চরণ বিশ্বাস।
শ্রীত্রৈলোক্য নাথ বিশ্বস।
শ্রীরামগতি কাহার।

—০০০—

কুইন বিক্টরিয়ার প্রাইবেট সেক্রেটরি তারে সম্বাদ পাঠাইয়াছেন যে, কেশব বাবুর কন্যার সঙ্গে কুচবেহারের মহারাজার বিবাহ হইতেছে শুনিয়া মহারাণী ভারি আনন্দিত হইয়াছেন। মহারাজা হলকরও এই উপলক্ষে কেশব বাবুকে খেলাত পাঠাইয়াছেন। কেশব বাবুর ইতিপূর্ব্বে সামান্য পদ ছিল না তথাচ এখন যে তাহার পূর্ব্বাপেক্ষা পদ বৃদ্ধি হইল তাহার সন্দেহ নাই। আমরা ভরসা করি গবর্ণমেন্ট তাহাকে এখন কোন উচ্চ উপাধি প্রদান করিবেন। তিনি নাইটেড হইলে বোধ হয় তাহার পদের অনুপযুক্ত সম্মান হইবে না।

—০০—

বাঁকিপুর হইতে গয়া পর্য্যন্ত একটী রেলওয়ে হইবার যে সঙ্কল্প হইয়াছিল তাহা এত দিন পরে কার্য্যে পরিণত হইতে চলিল। এই লৌহ রত্মের মৃত্তিকার কাজ আরম্ভ হইয়াছে। সম্প্রতি গয়া অঞ্চলে লোকের কষ্ট উপস্থিত হওয়াতে ইহা এখন আরম্ভ হইল। দুর্ভিক্ষের জন্যে দেশের একটী উপকার হইল। কর্ত্তৃপক্ষীয়েরা আভ্যন্তরিক বাণিজ্যের বিশেষ সৌকর্য্য সাধন করিলেন।

—০০—

আমরা "রুশ তুর্ক যুদ্ধ" নামক এক খানি পুস্তক প্রাপ্ত হইয়াছি। শ্রীযুক্ত বাবু গোকুলচন্দ্র মজুমদার ইহার প্রণেতা। যাহারা রুশ তুরস্ক সম্বন্ধীয় সংবাদ জানিতে ইচ্ছা করেন তাঁহারা এউ পুস্তক খানি পাঠ করিয়া বিশেষ উপকৃত হইবেন। ইহাতে অনেক গুলি উত্তম উত্তম যুদ্ধের ছবি আছে।

—০—

যুদ্ধ সম্বন্ধীয় তারের সংবাদ

৬ই মার্চ্চ। এক পক্ষর মধ্যে সেণ্টপিটারস্ বর্গে সন্ধি পত্রে উভয় পক্ষ স্বাক্ষর করিবেন। যুদ্ধের ক্ষতি পূরণের জন্যে রুশিয়া ১৪১ কোটি রুবেল তুর্কির নিকট দাবি করিয়াছেন। আর্ম্মেনিয়াতে তুর্কি সে সমুদয় রাজ্য রুসিয়াকে অর্পণ করিবেন তাহাতে এই অর্থের ১১০ কোটী শোধ যাইবে। বক্রী অর্থ তুর্কির নগত দিতে হইবে। সন্ধিতে এ রূপ সর্ত্ত নাই যাহাতে রুশিয়া আজর্জরুমও, ও ত্রিবিজন্দ অধিকার করিবেন, তবে রুশ সৈন্য যখন দেশে প্রত্যাবর্ত্তন করিবে তখন তাহারা ত্রিবিজন্দ হইতে জাহাজে উঠিবে। বলগরিয়া সম্বন্ধে এই রূপ কথা হইয়াছে। এই নূতন প্রদেশ রুশিয় কমিশনারের তত্ত্বাবধানে দুই বৎসর থাকিবে। এই দুই বৎসর এখানে ৪০ হাজার রুশিয় সৈন্য অবস্থিতি করিবে। রুশিয়দিগের ইউরোপীয় তুর্কি পরিত্যাগ করিয়া যাইতে হইবে এবং ছয় মাসের মধ্যে তাহাদের আশিয় তুর্কি ছাড়িয়া যাইতে হইবে। কনেষ্টেণ্টিনোপোল হইতে রিউটার শুনিয়াছেন যে সুলতান আজ্ঞা দিয়াছেন যে রুশিয় সৈন্যেরা সেণ্টনিফালোস নামক স্থানে অবস্থিতি করিবে এবং বৃটিশ রণতরী মরমর সাগরে থাকিবে। এ রূপ রাষ্ট্র যে ইউরোপীয় রাজ সভা বেডেন বেডনে না বসিয়া বার্লিনে বসিবে এবং প্রিন্স বিসমার্ক ইহার সভাপতি হইবেন।

৭ই। রুশিয় সৈন্যেরা দেশে প্রত্যাবর্ত্তনের সময় ইলগান ও কৃষ্ণ সাগরে আসিয়া জাহাজে উঠিবে।

৮ই। জেনারেল ইগনিটাফ ও রিউফ পাশা আগামী কল্য সেণ্টপিটারস্ বার্গে গমন করিবেন। অনেকে আশা করিয়াছেন যে রুশিয় সম্রাট সন্ধি সম্বন্ধে তুর্কির প্রতি আরো দয়া করিবেন।

৯ই। বার্লিনে রাজ সভা হইবে এই রূপ যে রাষ্ট্র হয় লর্ড ডার্বি বলিতেছে যে সে সত্য। কোন্ কোন ভিত্তির উপর সন্ধি স্থাপন হইবে তাহার মীমাংসা করিবার জন্যে অষ্ট্রীয়া ও ইংলণ্ডে লেখা লেখি হইতেছে। বৃটিশ গবর্ণমেণ্ট বলিয়াছেন যে যে সর্ত্তে সন্ধি হইবে রুশিয়ার তাহা সমুদয় রাজ সভায় দরপেশ করিতে হইবে। প্রস্তাবিত রাজ সভা সম্বন্ধে ইটালি ও ফ্রান্স সম্মত হইয়াছেন। ইউরোপীয় রাজ সভাতে তুর্কির পক্ষীয় হইতে সিবেট পাশা গমন করিবেন। এই রূপ রাষ্ট্র যে রোমনীয়ার অন্তর্গত বাসারাটীয়া নামক স্থানের কাগুল ও বেলগ্রেড নগর রুশিয়রা অধিকার করিয়াছে! থিসেলি ও ইউপিরুসে ক্রমাগত যুদ্ধ হইতেছে। অষ্ট্রীয়া ছয় কোটি রুবিণ যুদ্ধের নিমিত্ত ব্যয় করিবেন। অষ্ট্রীয়া রাজ সভাতে প্রস্তাব করিবেন যে যুদ্ধে জয় লাভ করিয়া রুশিয়া যদৃচ্ছা ব্যবহার করিতে পারিবেন না। রুশিয়া যদি তাহার কথা না শুনিয়া ইউরোপ সাধারণের অথবা অষ্ট্রীয়ার ক্ষতি হয় এরূপ কার্য্যে প্রবর্ত্ত হন, তাহা হইলে সমুদয় ইউরোপ তাহারা বিপক্ষ হইবে।

১১ই। লর্ড ডার্বি গ্রিসকে প্রতিনিধি রাজসভাতে গ্রহণ করিবার জন্যে প্রস্তাব করিবেন স্থির করিয়াছেন। বার্লিন রাজসভা হওয়ার পক্ষে ইংলণ্ড ও ফ্রান্স স্বীকার পাইয়াছেন। এই রূপ রাষ্ট্র যে অষ্ট্রিয় বসনিয়া ও হার্জেগবিনা অধিকার করিবার উদ্যোগ করিতেছেন। যদি সন্ধির সমুদয় সর্ত্ত রাজসভাতে দরপেশ করিতে রুশিয়া স্বীকার না হন, তাহা হইলে বোধ হয় নিশ্চয় যুদ্ধ হইবে।

১২ই। গ্রিসের প্রতিনিধি পাঠানের বিষয় লর্ড ডার্বি রাজসভাতে প্রস্তাব করিয়াছেন।

সংবাদ।

=ইউরোপে যত বন আছে সে সমুদয় রাজার সম্পত্তি এবং ইহা হইতে যত টাকা উৎপন্ন হয় সে সমুদয় রাজ ভাণ্ডারে গমন করে। স্থানে স্থানে ইহা দ্বারা রাজ্যের বিস্তর রাজস্ব সংগৃহীত হয়। প্রশিয়াতে বন হইতে ১০০০০০০ টাকা রাজস্ব সংগৃহীত হয়। জার্ম্মেনীর অন্তর্গত বাবেরিয়াতে যে বন আছে তাহা হইতে বৎসর ৬০ লক্ষ টাকা উৎপন্ন হয়। বৃটিশ ইণ্ডিয়া গবর্ণমেণ্ট দিন দিন যেরূপ যত্ন করিতেছেন তাহাতে কালে ইহা দ্বারা গবর্ণমেণ্টের বিস্তর রাজস্ব সংধহীত হইবে।

—সম্বাদ পত্রের প্রতি কেবল এখানে রাজ পুরুষেরা সদয় নন, বিলাতে এই রূপ। সেখানে কোন এক গবর্ণমেণ্ট আফিসের এক জন কার্ক গোপনে সমুদয় গুরুতর সম্বাদ সংগ্রহ করিয়া একখানি সম্বাদ পত্রে প্রকাশ করিতেন। ইহা ক্রমে প্রকাশ হইয়া পড়ে এবং রাজ পুরুষেরা অনুসন্ধান করিয়া দেখেন যে, অনেক আফিশের কেরাণীরা এই রূপ গোপনে সম্বাদ পত্রে সম্বাদ পাঠায়। ক্লার্কেরা এই রূপ অন্যায় ব্যবহার করিতে না পারে ইহা শাসনের জন্যে লণ্ডনের কর্ত্তৃপক্ষীয়েরা আজ্ঞা দিয়াছেন যে, যদি কোন গতিকে কোন কার্ক সম্বাদ পত্রে কোন সম্বাদ পাঠান তাহা হইলে তিনি কর্ম্মচ্যুত হইবেন।

—রেঙ্গুন গেজেট লিখিয়াছেন, রেঙ্গুনের স্ত্রী লোকদিগের অনেক বিষয়ে স্বাধীনতা আছে। সেখানে বৈবাহিক বন্ধন অতিশয় শিথিল, স্ত্রী কি পুরুষ সামান্য ব্যয় করিলে উহা ছেদন করিতে পারে। সেখানে স্ত্রীরা অন্তঃপুরে বাস করে না, স্বামীর সঙ্গে একত্রিত হইয়া বাণিজ্য ব্যবসায় করে। আমরা একটি স্ত্রী লোককে জানি। ইনি চাউলের ব্যবসায় করিতেন এবং যখন বাহিরে আসিতেন তখন এক জন পুরুষ তাহার ছাতি ধরিয়া আসিত। আমরা এক দিন এই স্ত্রী লোকটিকে জিজ্ঞাসা করি যে, যে ছাতি ধরে সে তাহার কে হয়? স্ত্রীলোকটি উত্তর করেন উনি আমার স্বামী।

—পারস্য দেশে একটি শিশের খনি আবিষ্কৃত হইয়াছে। এ খনিতে সাড়ে তিন ফিট উচ্চ গন্ধক মিশ্রিত শিশা আছে এবং ইহার শতকরা দুই তিন ভাগ রৌপ্য আছে।

—যদি আমাদের স্মরণ শক্তি বিভ্রান্ত না হইয়া থাকে, অনেক দিন হইল বহরমপুরে একটি কৌতুহলাক্রান্ত মকর্দ্দমা হয়। এক ব্যক্তি কতক গুলি দুষ্কর্ম্ম করিয়া পলায়ন করে। অনেক দিন পরে সে ধৃত হয়। যখন সে দুষ্কর্ম্ম করে তখন এক রূপ ফৌজদারি আইন ছিল, যখন সে ধরা পড়ে তখন ফৌজদারি আইন আর এক রূপ হয়। যখন সে দুষ্কর্ম্ম করে তখন তাহার কৃত কার্য্য গুলি তখনকার আইন অনুসারে দণ্ডনীয় ছিল, কিন্তু ব্যবস্থাপকদিগের অনুগ্রহে কি ত্রুটিতে বর্ত্তমান আইনে সে সমুদয় গুলি অপরাধের মধ্যে পরিগণিত হয় না। ইহার এই ফল হয় যে, উক্ত ব্যক্তি রাজবিচারে অব্যাহতি পায়। সম্প্রতি এই রূপ আর একটি গোলযোগ উপস্থিত। পূর্ব্বে নিয়ম ছিল যে, সরকারি পত্রে টিকিট মারিতে হইত না, পত্রের উপর হাকিমদিগের অথবা ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মারিদিগের নাম স্বাক্ষর হইলে উহা বিনা মাসুলে পোষ্টাল কর্ম্মচারীরা রওনা করিতেন। এই নিয়মের পরিবর্ত্তে সারবিশ ল্যাবেলের ব্যবহার আরম্ভ হয়। আমরা যেরূপ টিকিট দেই সরকারি পত্রেও সেই রূপ টিকিট মারার রীতি হয়, তবে এই টিকিটের উপর সার্ব্বিশ শব্দ অঙ্কিত থাকে। এই সরকারি টিকিটের ব্যবহার আরম্ভ হওয়া অবধি অনেক গোলযোগ আরম্ভ হইয়াছে। অনেকে সরকারি টিকিট চুরি করিয়া পত্র পাঠায়। যাহারা এই রূপ দুষ্কর্ম্ম করে তাহাদের মধ্যে অনেক লোক ধরা পড়িয়া শাস্তি প্রাপ্ত হইয়াছে। সম্প্রতি পাটনাতে এই রূপ কতকগুলি মকর্দ্দমা উপস্থিত হয়। আসামীর পক্ষীয় উকিল তর্ক উঠান যে ফৌজদারি আইন অনুসারে সরকারী টিকিট সরকারী পত্র ভিন্ন অপর পত্রে ব্যবহার করিলে যে দণ্ড পাইতে হইবে এরূপ কোন ব্যবস্থা নাই। পাটনার কর্তৃপক্ষীয়েরা এই বিষয়ের ব্যবস্থা পাইবার নিমিত্ত লিগেল রিমেম্ব্রাঙ্গারের মত চাহিয়া পাঠান এবং তিনি মত দিয়াছেন যে ফৌজদারী আইনে প্রকৃত এরূপ কোন ব্যবস্থা নাই। মাজিষ্ট্রেট কাজেই আসামিদিগকে ছাড়িয়া দিতে বাধ্য হইয়াছেন।

=মান্দ্রাজে এক জন আয়া একটি কিরোশিন তৈলের প্রদীপ প্রজ্বলিত করিবার পূর্ব্বে প্রদীপের মধ্যে উক্ত তৈল পূর্ণ করিতেছিল। একটি বালক সেই খানে একটি প্রজ্বলিত সলিতা হাতে করিয়া উপস্থিত ছিল। হঠাৎ সলিতা তৈলের মধ্যে পতিত হওয়ায় প্রজ্বলিত হইয়া আয়া সাংঘাতিকরূপে দগ্ধ হইয়াছে।

—শ্যাম রাজ্যে দুর্ভিক্ষের আশঙ্কা উপস্থিত হইলে শ্যামের রাজা আজ্ঞা দেন যে তাহার রাজ্য হইতে চাউল রপ্তানি হইবে না। সম্প্রতি তিনি এই আজ্ঞা রহিত করিয়াছেন এবং বলিয়াছেন যে যদি আবার শস্য দুর্মুল্য হয় তাহা হইলে তিনি আবার এই রূপ রপ্তানি বন্ধ করিবেন।

—এক খানি বিলাতি সম্বাদ পত্রে প্রকাশিত হইয়াছে যে, ইউরোপের এক জন প্রধান রাজ পুত্র আফেরিকার উত্তর হইতে দক্ষিণের শেষ পর্য্যন্ত পর্য্যটন করিবেন। তাহার সঙ্গে এক শত শিকারপ্রিয় ধনাঢ্য ব্যক্তিও গমন করিবেন।

=গত গেজেটে প্রকাশিত হইয়াছে যে বাঙ্গলায় গত হৈমন্তিক শস্য নিতান্ত মন্দ হয় নাই। মধ্যে বৃষ্টি ও ঝড় হওয়াতে আম্রের বিস্তর অনিষ্ট হইয়াছে। হৈমন্তিক খন্দের উৎকৃষ্ট অবস্থা সত্বেও প্রায় সর্ব্বত্র গোম অতিশয় দুর্মুল্য হইয়াছে।

—বাঙ্গলায় পুরি, হাজারিবাগ, লোহারডাঙ্গা, মানভুম, প্রভৃতি স্থানে লোকের অন্ন কষ্ট উপস্থিত হইয়াছে। তবে চিলকা হ্রদে লবণ প্রস্তুত হইতেছে এই নিমিত্ত পুরির অনেক লোকের কষ্ট দূর হইয়াছে। হাজারিবাগ হইতে বিস্তর কুলি চা বাগানে কাজ করিতে দেশত্যাগী হইতেছে। মানভুমে মাকোয়া ভাল হইবার সম্ভব আছে।

—হাইকোর্টের জজেরা এই প্রণালীতে আপাতত কাজ করিবেন। প্রথম বেঞ্চে চিফ জষ্টিশ ও জষ্টিশ ম্যাগডলেণ্ড বিচার করিবেন। ইহারা রেগুলার আপিল ও লেটার পেটেণ্টের ১৫ ধারা অনুসারে যে সমুদয় আপিল হইবে তাহা বিচার করিবেন। দ্বিতীয় বেঞ্চে জষ্টিশ কেম্প ও মরিস বিচার করিবেন। রাজসাহী বিভাগের কার্য্য ইহাদের হস্তে অর্পিত হইবে। তৃতীয় বেঞ্চে জষ্টিশ জ্যাকশন ও কানিংহম বিচার করিবেন। ইহারা ফৌজদারি আপীল শুনিবেন। চতুর্থ বেঞ্চে জষ্টিশ মার্কবি বিচার করিবেন। প্রেসিডেন্সী বিভাগের কার্য্য ইহাদের হস্তে অর্পিত হইবে। পঞ্চম বেঞ্চে জষ্টীশ হোয়াইট ও মিত্র বিচার করিবেন, ইহাদের হস্তে পাটনা বিভাগের ভার থাকিবে। জষ্টিশ আন্সিলির উপরে ইংলিশ বিভাগ ও পঞ্চাশ টাকার অনতিরিক্ত মূল্যের মকর্দ্দমার আপিলের ভার থাকিবে। জষ্টিশ পণ্টিফিক্সের হস্তে ওরিজিনাল জুরিস ডিকশনের ভার থাকিবে।

—লফোড সাহেব বিদায় লইয়া ইংলণ্ড গমন করিতেছেন। তাহার হস্তে ডিকেন্স সাহেব নিযুক্ত হইলেন। ডিকেন্স সাহেবের কৃষ্ণনগর গমন করিতে বিলম্ব হইলে ২৪ পরগণার আডিশনাল জজ বার্ণার সাহেব তথায় নিযুক্ত হইবেন।

—ভারতবর্ষের মধ্য প্রদেশে সচরাচর যেরূপ শস্য হইয়া থাকে এ বৎসর তাহা হয় নাই, পোকা ও হিমের জন্যে শস্যের বিস্তর অনিষ্ট [illegible]ানে দিন দিন শস্যের মূল্য বৃদ্ধি হইতেছে। বোম্বাই ও উত্তর পশ্চিম অঞ্চলে ক্রমে এখান হইতে শস্যের রপ্তানি দ্বিগুণ বৃদ্ধি হইয়াছে ও উহা দুর্মুল্য হইয়াছে।

